দর্শনায় রেইজ প্রকল্পের আওতায় চাকরি মেলা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দর্শনায় রেইজ প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষানবিশদের কর্মসংস্থানের লক্ষ্যে চাকরি মেলা অনুষ্ঠিত হয়েছে। গত মঙ্গলবার দুপুর ১টার দিকে দর্শনা ওয়েভ ফাউন্ডেশনের ট্রেড ট্রেনিং সেন্টারে এ চাকরি মেলার উদ্বোধন করেন চুয়াডাঙ্গার জেলা প্রশাসক লুৎফুন নাহার।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক লুৎফুন নাহার বলেন, “বাংলাদেশ পৃথিবীর বুকে একটি ছোট দেশ। আর চুয়াডাঙ্গা একটি ছোট জেলা হলেও এখানে অনেক গুণী ব্যক্তি ও সফল উদ্যোক্তা রয়েছেন। তাদের মধ্যে অনেকে দেশব্যাপী পরিচিতি লাভ করেছেন। তাই তরুণদের শুধু চাকরির পেছনে না ছুটে বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে উদ্যোক্তা হওয়ার মানসিকতা গড়ে তুলতে হবে।”

তিনি আরও বলেন, “নিজেকে সফল উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে পারলে একজন ব্যক্তি শুধু নিজের পরিবারের নয়, সমাজ ও রাষ্ট্রের সম্পদে পরিণত হন। তাই বর্তমান তরুণ প্রজন্মকে চাকরি খোঁজার পাশাপাশি উদ্যোক্তা হওয়ার দিকেও গুরুত্ব দিতে হবে।”

ওয়েভ ফাউন্ডেশনের উপ-নির্বাহী পরিচালক নাফিসা আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের উপদেষ্টা অধ্যাপক সিদ্দিকুর রহমান, পিকেএসএফের রেইজ প্রকল্পের মহাব্যবস্থাপক (কার্যক্রম ও প্রকল্প সমন্বয়কারী) দিলীপ কুমার চক্রবর্তী, দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা ওবায়দুর রহমান সাহেল, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শাহিন আলম, নির্বাহী ম্যাজিস্ট্রেট আব্দুল্লাহ আল শামীম, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শাহ আলম সনি এবং ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তা জহির রায়হান।

চাকরি মেলায় প্রায় ১০টি কোম্পানির স্টল অংশ নেয়। আয়োজকরা জানান, পিকেএসএফের আর্থিক ও কারিগরি সহায়তায় এবং ওয়েভ ফাউন্ডেশনের বাস্তবায়নে এ মেলার আয়োজন করা হয়।